



**2023/TDC (CBCS)/EVEN/SEM/
BNGHCC-401T/170**

TDC (CBCS) Even Semester Exam., 2023

**BENGALI
(Honours)**

(4th Semester)

Course No. : BNGHCC-401T

(বিশ শতকের বাংলা সাহিত্য)

**পূর্ণমান : ৭০
উত্তীর্ণ মান : ২৮**

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- ১। 'সঙ্কিতা' কাব্যগ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে এবং এর প্রকাশকাল কত?**
- ২। 'আজ সৃষ্টি সুখের উল্লাসে' কবিতায় কোন্ কোন্ ঋতুর উল্লেখ আছে?**



(2)

- ৩। ‘মানুষ’ কবিতায় কবি নজরুল যে দুজন পৌরাণিক রাখালের কথা বলেছেন, তাঁরা কারা?
- ৪। মানিক বন্দ্যোপাধ্যায়ের জন্মসাল লেখো। তাঁর প্রকৃত নাম কী ছিল?
- ৫। ‘পদ্মানদীর মাঝি’ কোন্ ধরনের উপন্যাস? কুবের মাঝি কোন্ গ্রামের বাসিন্দা ছিল?
- ৬। মালার স্বামী ও কন্যার নাম কী?
- ৭। বিজ্ঞেন্দ্রলাল রায় রচিত ‘সাজাহান’ নাটকের কোন্ গানটি দেশাত্মবোধক সংগীত হিসেবে পরিচিতি পেয়েছে? এই নাটকে মোট কতটি গান আছে?
- ৮। ‘সাজাহান’ নাটকের প্রথম দৃশ্যে কোন্ স্থানের এবং কোন্ সময়ের উল্লেখ আছে?
- ৯। মহামায়া কে? দারার কন্যার নাম কী?
- ১০। ‘মহেশ’ গল্পটি প্রথম কবে, কোথায় প্রকাশিত হয়েছিল?
- ১১। ‘পুঁইমাচা’ গল্পের ক্ষেত্রের বয়স কত ছিল? তার বর কীসের ব্যবসা করত?
- ১২। ‘তারিণী মাঝি’ গল্পে হুড়াপা বান কোন্ নদীতে, কত বছর আগে শেষ বারের মত এসেছিল?

- ১৩। ‘বনফুল’ কার ছদ্মনাম? ‘শ্রীমধুসূদন’ নাটকটির প্রকাশকাল লেখো।
- ১৪। ‘শ্রীমধুসূদন’ নাটকের প্রথম দৃশ্যে মধুসূদন দত্ত কার কার উদ্দেশ্যে ‘blue-eyed’ এবং ‘blue skinned’ শব্দ দুটি ব্যবহার করেছেন?
- ১৫। মধুসূদন শেষ জীবনে কোথায় ছিলেন? ২৯শে জুন ১৮৭৩, রবিবার দিনটির তাৎপর্য কী?

SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

১০×৫=৫০

- ১৬। ‘জীবন বন্দনা’ কবিতায় কবি নজরুল ইসলাম শ্রমজীবী মানুষদের যেভাবে জীবনবন্দনা করেছেন তা নিজের ভাষায় আলোচনা করো।
- ১৭। কাজী নজরুল ইসলামের ‘সাম্যবাদী’ কবিতা অবলম্বনে কবির ধর্মীয় চেতনার পরিচয় দাও।
- ১৮। ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসে বিবৃত হোসেন মিয়া চরিত্রটির পর্যালোচনা করো।
- ১৯। আঞ্চলিক উপন্যাস হিসেবে ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসটি আলোচনা করো।
- ২০। ‘সাজাহান’ নাটককে ট্রাজেডি নাটক বলা যায় কীনা, বিচার করো।



- ২১। ‘সাজাহান’ নাটকের নায়ক সাজাহান না ঔরঙ্গজীব? আলোচনা করো।
- ২২। “মানুষের মনের অবচেতনে তলিয়ে থাকা যেসব প্রবণতা আকস্মিকভাবে জেগে ওঠে পারিপার্শ্বিকের অপ্রতিরোধ্য প্ররোচনায়—তাদের একটি ছিল আত্মরক্ষার সহজাত বৃত্তি।” ‘তারিণী মাঝি’ গল্প অবলম্বনে বক্তব্যটি বিশদ করো।
- ২৩। ‘ফসিল’ গল্পটি ছোটগল্প হিসেবে কতখানি সার্থক তা আলোচনা করো।
- ২৪। ‘শ্রীমধুসূদন’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।
- ২৫। ‘শ্রীমধুসূদন’ নাটক অবলম্বনে মধুসূদনের চরিত্র চিত্রণ করো।

★ ★ ★